



# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK

ঋণ ও অগ্রিম বিভাগ

সূত্র নং-২/২০/৫০০/ ৩৭৭৭

তারিখ: ১০ জানুয়ারী ২০২৪

সকল আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

বিষয় : বাংলাদেশ ব্যাংক হতে মঞ্জুরীকৃত কৃষি ও পল্লী ঋণ খাতে ১০০০.০০ (এক হাজার) কোটি টাকা তহবিলের বিপরীতে গ্রাহক পর্যায়ে বিতরণতব্য ঋণে প্রসেসিং ফি গ্রহণ রহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংক হতে মঞ্জুরীকৃত কৃষি ও পল্লী ঋণ খাতে ১০০০.০০ (এক হাজার) কোটি টাকার তহবিলের বিপরীতে অত্র ব্যাংকের অপারেশন সার্কুলার নং-০৯/২০২২ তারিখ : ১৮-০৯-২০২২ এর অনুচ্ছেদ নং-১৭ মোতাবেক বিতরণকৃত ঋণের উপর ০.২০% হারে অফেরতযোগ্য লোন প্রসেসিং ফি গ্রহণ করার বিধান চালু রয়েছে। তবে ন্যূনতম লোন প্রসেসিং ফি হবে ১০০/- (একশত) টাকা এবং সর্বোচ্চ হবে ১০০০/- (এক হাজার) টাকা। গত ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির ২০৩ তম সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উক্ত ঋণ খাতে বিতরণতব্য ঋণে প্রসেসিং ফি গ্রহণ রহিতকরণের অনুমোদন দেয়া হয়।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের তহবিলে কৃষি ও পল্লী ঋণ খাতে ১০০০.০০ (এক হাজার) কোটি টাকার তহবিলের বিপরীতে গ্রাহক পর্যায়ে বিতরণতব্য ঋণে অপারেশন সার্কুলার নং-০৯/২০২২ তারিখ : ১৮-০৯-২০২২ এর অনুচ্ছেদ নং-১৭ বাতিলপূর্বক লোন প্রসেসিং ফি গ্রহণ রহিত করা হলো। এছাড়া উক্ত সার্কুলারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

  
১০.০১.২০২৪

বাদল চন্দ্র দেবনাথ  
উপ-মহাব্যবস্থাপক

ফোন : ০২-২২২২২৬০২৩


ইমেইল: avublad@gmail.com

সূত্র নং-২/২০/৫০০/ ৩৭৭৭

তারিখ : ১০-০১-২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পরিচালক (অপারেশনস), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার টু ডিএমডি, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে ব্যাংকের ওয়েবসাইটে এবং AVUB Archival System এ প্রদর্শনের অনুরোধসহ)।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।

  
১০-০১-২০২৪  
মোহাঃ বদরুল আলম  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার